



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ০২-২২৮৪৬৩২

www.wpbd71.org ই-মেইল : wpartymail@gmail.com

২৬ সেপ্টেম্বর, ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

আগামী ২৭ সেপ্টেম্বর ওয়ার্কার্স পার্টির কর্মীরা সারাদেশে নদী দিবস পালন করবে

‘মানুষের জন্য নদী’ এই প্রতিপাদ্যকে ধারণ করে পালিত হবে বিশ্ব নদী দিবস ২০২১। বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি কেন্দ্রীয় কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে গতবছরের মতো এবারো ২৭ সেপ্টেম্বর "তিস্তা আন্দোলনের" প্রতি সংহতি জানিয়ে নদী দিবসে দেশের প্রতিটি জেলা অঞ্চলের নদ-নদীকে দখল, দূষণমুক্ত ও সুরক্ষার দাবিতে বিভিন্ন জেলায় পার্টি উদ্যোগে নদী দিবসের কর্মসূচি পালন করবে। পার্টি সভাপতি কমরেড রাশেদ খান মেনন এমপি ও সাধারণ সম্পাদক কমরেড ফজলে হোসেন বাদশা এমপি পার্টি প্রতিটি স্তরের নেতা-কর্মী এবং দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে বলেন, দেশের নদ-নদীকে সুরক্ষা করা না গেলে বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের দেশের বিরাট অংশ পানির নিচে ঢুবে যাবে। জলবায়ু শরণার্থীতে পরিণত হবে কোটি মানুষ। সাগরের লবণাক্ত পানিতে তলিয়ে যাবে দক্ষিণাঞ্চলের ১৯ উপকূলীয় জেলা। জনগণকে সংগঠিত করে দেশের সব নদী, উপকূলীয় বেড়ি বাঁধ সুরক্ষার দাবিতে এবং দখলকারীদের বিরুদ্ধে দুর্বীর আন্দোলন গড়ে তোলাই এখন সময়ের দাবি।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)